

Ex/CBCS/UG/GE/2.11/2019

কলাস্নাতক অন্ত্য-সিমেস্টার পরীক্ষা, ২০১৯

(প্রথম বর্ষ, দ্বিতীয় সিমেস্টার)

সাধারণ ঐচ্ছিকপত্র

বাংলা গল্প ও গদ্য

কোর্স : জি. ই. ২.১১

সময় : দু ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

১. 'পোস্টমাস্টার' গল্পের যিনি 'নায়ক' তাঁর কোনো নাম জানানো হয়নি। গল্পটি বিশ্লেষণ করে এর সম্ভাব্য কারণ কী হতে পারে, তা বুঝিয়ে লেখো। ১০

অথবা

২. আপাত-তুচ্ছ কোনো মুহূর্তও মানুষের জীবনে নিয়ে আসতে পারে অনন্তের আনন্দ – 'একরাত্রি' গল্পে এই কথাটি কীভাবে সত্য হয়ে উঠেছে, গল্পটির বিশ্লেষণ করে বুঝিয়ে দাও। ১০

৩. 'পুনাম' গল্পের নায়ক ললিতের ব্যক্তিগত জীবনসমস্যার মূলে কাজ করে যায় বৃহত্তর সমাজের সংকট, এ কথার সঙ্গে কি তুমি একমত হবে? তোমার মতামত বুঝিয়ে লেখো। ১০

অথবা

(Turn over)

(2)

৪. রাজনৈতিক গল্প হিসেবে 'হারাণের নাতজামাই' কতদূর সার্থক হয়েছে, বিশ্লেষণ করে দেখাও। ১৫

৫. 'বাঙলায় লোকশিক্ষা নাই', 'লোকশিক্ষা' বলতে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় এখানে কী বলতে চেয়েছেন? তাঁর প্রাবন্ধিক প্রবন্ধটি অবলম্বন করে যে সমস্ত উপায়ে এই 'লোকশিক্ষা' দেওয়া যেতে পারে, সে সম্পর্কে বিস্তারিত লেখো। ২+২+৬

অথবা

৬. ভারতবাসীর ঘরের লোক এত সত্য নহে, রাম লক্ষ্মণ সীতা তাহার পক্ষে যত সত্য – রবীন্দ্রনাথের প্রাসঙ্গিক প্রবন্ধটি অবলম্বন করে এই মন্তব্যের তাৎপর্য বুঝিয়ে দাও। ১০

৭. 'ইংরেজি বনাম মাতৃভাষা' প্রবন্ধে মাতৃভাষার সপক্ষে প্রাবন্ধিক কীভাবে যুক্তি সাজিয়েছেন, নিজের ভাষায় লেখো। ১০

অথবা

৮. বাল্মীকি-রচিত 'রামায়ণ' ও কৃত্তিবাসী 'রামায়ণ'-এর মধ্যে যে পার্থক্যগুলি বুদ্ধদেব বসুর 'রামায়ণ' প্রবন্ধে উঠে এসেছে, সে সম্বন্ধে আলোচনা করো। ১০